রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, নভেম্বর ২৭, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিক্ষা মন্ত্রণালয়**

**অধিশাখা ঃ ২৩ (প্রশিক্ষণ)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩ অগ্রহায়ণ ১৪২১ বঙ্গাব্দ/১৭ নভেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২৬৮-আইন/২০১৪।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) এর কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৪ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(২) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(৩) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

(৪) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(৫) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ কোন পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(৬) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(৭) "সিজিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং



**মূল্য** ঃ টাকা ১২.০০

(৮) "স্বীকৃত ইনস্টিটিউট" বা "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত যথাক্রমে কোন ইনস্টিটিউট বা বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন ইনস্টিটিউট বা বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা যাইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে পদে সরাসরি নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশ ব্যতীত নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস**—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিস হিসাবে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য, নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এক বা একাধিকবারে এইরূপে সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে উক্ত কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে, তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষনবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

**তফসিল**

**[বিধি ২(২) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** | **(৪)** | **(৫)** |
| (১) | অধ্যক্ষ | - | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** উপাধ্যক্ষ বা সহযোগী অধ্যাপক পদে ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রে** ঃ অধ্যাপক পদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে। |
| (২) | উপাধ্যক্ষ | - | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** সহকারী পরিচালক বা সহকারী অধ্যাপক পদে ৬ (ছয়) বৎসরের চাকুরী।<br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ঃ** সহযোগী অধ্যাপক পদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে। |
| (৩) | সহযোগী অধ্যাপক | - | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ **সহকারী অধ্যাপক বা সহকারী পরিচালক পদে ৬ (ছয়) বৎসরের চাকুরী।**<br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রে** ঃ সহযোগী অধ্যাপক পদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (৪) | সহকারী পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** প্রভাষক পদে ৬ (ছয়) বৎসরের চাকুরী।<br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ঃ** সহকারী অধ্যাপক পদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে। |
| (৫) | সহকারী অধ্যাপক | - | পদেন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** প্রভাষক পদে ৬ (ছয়) বৎসরের চাকুরী অভিজ্ঞতা।<br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ঃ** সহকারী অধ্যাপক পদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে। |
| (৬) | প্রভাষক | ৩০ বৎসর | (ক) ৭০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৩০% পদ প্রেষণে বদলীর মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রীসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ বৎসর মেয়াদী ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রিঃ<br>তবে কামিল, বিএড,এমএড,এমফিল বা পিএইচডি অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচনা করা হইবে।<br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ঃ** প্রভাষক পদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে। |
| (৭) | হিসাব রক্ষণ কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃতি বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রীসহ ক্যাশিয়ার বা হিসাব সহকারী পদে ১৫(পনের) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃতি বিশ্ববিদ্যালয় হইতে হিসাব বিজ্ঞান বা বাণিজ্যে ১ম শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রীসহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ বৎসর মেয়াদী ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (৮) | লাইব্রেরীয়ান কাম ডকুমেন্টেশন অফিসার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ১ম শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রীসহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ বৎসর মেয়াদী ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী। |
| (৯) | প্রশাসনিক কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতি মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি ক্ষেত্রে ঃ** উচ্চমান সহকারী পদে অন্যূন ০৭(সাত) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রীসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| (১০) | কম্পিউটার অপারেটর | The Computer personnel (Government and Local Authorities) Recruitments Rules, 1985 অনুযায়ী। | | |
| (১১) | উচ্চমান সহকারী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি ক্ষেত্রে ঃ** নিম্নমান সহকারী পদে অন্যূন ০৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| (১২) | ডাটা এন্ট্রি অপারেটে | The Computer personnel (Government and Local Authorities Recruitments Rules, 1985 অনুযায়ী। | | |
| (১৩) | ক্যাশিয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উর্ত্তীণসহ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত বা বেসরকারি প্রতিষ্ঠানে ০১(এক) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (১৪) | হিসাব সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (১৫) | নিম্নমান সহকারী | ৩০ বৎসর | **পদোন্নতির মাধ্যমে ঃ** তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি ক্ষেত্রে ঃ** মেশিন অপারেটর কাম টেকনিশিয়ান পদে অন্যূন (পাঁচ) বৎসর অথবা অফিস সহায়ক পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃতি বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (১৬) | গাড়ীচালক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়ার স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, তবে জুনিয়ার স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী পাওয়া না গেলে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ৮ম শ্রেণী উত্তীর্ণ;<br>(খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা অথবা ভারী যানবাহন চালনার অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (১৭) | মেশিন অপারেটর কাম টেকনিশিয়ান | ৩০ বৎসর | **পদোন্নতির মাধ্যমে ঃ** তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি ক্ষেত্রে ঃ** অফিস সহায়ক পদে ৫ (পাঁচ) বৎসর চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃতি বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট মেশিন চালনা বা রক্ষণাবেক্ষণে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন। |
| (১৮) | অফিস সহায়ক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতি বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (১৯) | মালি | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত “আউট সোর্সিং (Out Sourcing)” এর মাধ্যমে “সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮” অনুযায়ী, তবে এই পদে ইতিমধ্যে নিয়োজিত জনবল এর অবসর, মৃত্যু বা অন্য কোন কারণে পদ শূণ্য হইলে উহা স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে। | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (২০) | পরিচ্ছন্নতা কর্মী | ৩০ | **সরাসরি নিয়োগের মাধ্যমে ঃ**<br>তবে শর্ত থাকে যে, মোট পদের শতকরা ৮০ ভাগ পদ জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকিবে ঃ<br>আরও শর্ত থাকে যে, জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সে সকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাইবে। | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, তবে জুনিয়ার স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী পাওয়া না গেলে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ৮ম শ্রেণী উত্তীর্ণ। |
| (২১) | নিরাপত্তা প্রহরী | ৩০ বৎসর | (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) আউট সোসিং এর মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়ার স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, তবে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী পাওয়া না গেলে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ৮ম শ্রেণী উত্তীর্ণ।<br>**আউট সোর্সিং এর ক্ষেত্রে ঃ** অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত "আউট সোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। |

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ মোয়াজ্জেম হোসেন**
উপসচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd